দৈনিক সংবাদ

তারিখ 6 NOV 1989
পৃষ্ঠা ৪ কলাম ৫



## এস এস সি পরীক্ষার সময়সূচী

এস,এস, সি, পরীক্ষায় প্রতিবছর বাংলা প্রথমপত্র ও দ্বিতীয়পত্র একদিনেএবং ইংরেজী প্রথমপত্র ও দ্বিতীয়পত্র একদিনে প্রচলিত নিয়ম অনুযায়ী হয়ে আসছে। শিক্ষা মন্ত্রণালয়ের কাছে আবেদন জানাচ্ছি যাতে এই নিয়ম পরিবর্তন করে প্রতিপত্র এক একদিনে পরীক্ষা নেয়া হয়। এস,এস,সি পরীক্ষায় বাংলা প্রথম পত্র ও ইংরেজী প্রথম-পত্র একটানা তিন ঘন্টা লেখার পর ছাত্রছাত্রীদের কাছে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় পত্র লেখা কষ্টকর। যার ফলে, দ্বিতীয়পত্রের পরীক্ষা খারাপ হয়ে যায়। প্রথমপত্র ও দ্বিতীয়পত্র একই দিনে হওয়ায় আগের দিন পড়তেও হয় খুব বেশী। এতে পরীক্ষার দিন অনেক ছাত্রছাত্রী থাকে ক্লান্ত।

তাই আমরা ১৯৯০ সালের কয়েক জন পরীক্ষার্থী। সব ছাত্র ছাত্রীর পক্ষে থেকে কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি- এক দিনে উপরোক্ত বিষয়ের এক একটি পত্র পরীক্ষা নেয়া হোক এবং তদনুযায়ী সময়সূচী নির্ধারণ করা হোক।

---কামরুল ইসলাম (শাহীন), কাজী সাব্বির আহমেদ, মোঃ ইলিয়াস, মোঃ এহতেশাম ফিরোজ, মোঃ কামরুজ্জামান। এস,এস,সি, পরীক্ষার্থী। পিএ, টি,সি, স্কুল, সাভার, ঢাকা।